

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৬৭
করবুক, ২২ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন ২০২৪
করবুক মহকুমায় পোস্টাল ব্যালটে ভোটগ্রহণ

২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় নির্বাচনী ক্ষেত্রের অন্তর্গত করবুক মহকুমার ৪৩-করবুক (এসটি) বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে নির্বাচনের কাজে নিযুক্ত বিভিন্ন স্তরের ভোটারদের পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোটগ্রহণ প্রক্রিয়া চলছে। করবুক পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ভোটগ্রহণ কেন্দ্রে আজ মোট ৬৮ জন পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দিয়েছেন। এই ভোটগ্রহণ প্রক্রিয়া আগামীকালও সকাল ৯টা থেকে সন্ধ্যা ৫টা পর্যন্ত চলবে। করবুক মহকুমার মহকুমা শাসক তথা অ্যাসিস্টেন্ট রিটার্নিং অফিসারের কার্যালয় থেকে এ সংবাদ জানানো হয়েছে।
